দৈনিক
ইত্তেফাক

তারিখ . 29 . MAR..2015.. ...
পৃষ্ঠা ..২..৩ কলাম....৭.. ......

# স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে স্কুলের চাল ভেঙ্গে নিহত ২

■ সাতক্ষীরা প্রতিনিধি

জেলার ভোমরায় স্কুলের টিনের চালে উঠে স্বাধীনতা দিবসের সাংস্কৃতিক অনুষ্ঠান দেখতে গিয়ে চাল ভেঙ্গে পড়ে ২ জন নিহত হয়েছেন। নিহতরা হলেন—সদর উপজেলার পুষ্পকাটি গ্রামের মোশারফ হোসেন এবং দেবহাটা উপজেলার বালিয়াডাঙ্গা গ্রামের সাদ্দাম হোসেন। এছাড়া আহত হয়েছেন ১০ জন। এদের মধ্যে দুইজনের অবস্থা আশঙ্কাজনক। জেলার সদর উপজেলায় ভোমরা ইউনিয়নের লক্ষীদাড়ি প্রাইমারি স্কুলে গতকাল শনিবার রাত ১০টার দিকে এ ঘটনা ঘটে। এ সময় স্কুল মাঠে ভোমরা বঙ্গবন্ধু আদর্শ যুব সংঘের আয়োজনে সাংস্কৃতিক অনুষ্ঠান চলছিল।

প্রত্যক্ষদর্শীরা জানান, স্বাধীনতা দিবস উপলক্ষে লক্ষীদাড়ি প্রাইমারি স্কুল মাঠে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান দেখতে ব্যাপক জনসমাগম হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পুলিশ সুপার চৌধুরী মঞ্জুরুল কবীর। এতে বক্তৃতা পর্ব শেষে সঙ্গীত পরিবেশন শুরু হয়। এ সময় অনেকেই মাঠে জায়গা না পেয়ে স্কুলের টিনের চালের উপর উঠে অনুষ্ঠান দেখা শুরু করে। একপর্যায়ে টিনের চাল ভেঙ্গে পড়ে ২ জন নিহত ও ১০ জন আহত হয়। আহতদের সাতক্ষীরা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।